

Times Today BD

কাওসার আহমেদ | ক্যাম্পাস | 11 April, 2025

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) র‍্যাঙ্কিং সেল ২০২৫ সালের র‍্যাঙ্কিং কার্যক্রমের জন্য কয়েকজন মোটিভেটেড ও ডিটেইল-ওরিয়েন্টেড শিক্ষার্থী ইন্টার্ন নিয়োগ দিতে যাচ্ছে। আগ্রহী শিক্ষার্থীরা ডেটা ম্যানেজমেন্ট, কনটেন্ট ক্রিয়েশন ও সার্ভে অ্যাডমিনিস্ট্রেশনে সহায়তা করার সুযোগ পাবেন।

আবেদনের যোগ্যতা:

অগ্রাধিকার পাবে ৪র্থ বর্ষের স্নাতক বা তার উর্ধ্বের শিক্ষার্থীরা। আগ্রহী ৩য় বর্ষের শিক্ষার্থীরাও আবেদন করতে পারবে। এছাড়াও গুগল ওয়ার্কস্পেস / ক্লাউড অফিস টুল ব্যবহারে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।

আবেদনে আরো বলা হয়েছে, প্রশাসনিক বা সাংগঠনিক ভূমিকার অভিজ্ঞতা থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। □□ □□□□, গবেষণা বিশ্লেষণ বা ম্যানুস্ক্রিপ্ট লেখায় পূর্ব অভিজ্ঞতা থাকলে তা অতিরিক্ত সুবিধা দেবে। অধিকাংশ কাজ হবে ফ্লেসিবল ও রিমোট, মাঝে মাঝে কো-অর্ডিনেশন মিটিংয়ে অংশগ্রহণ করতে হবে।

সুযোগ-সুবিধা:

সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্নকারীরা পাবেন ক্রেস্ট ও সার্টিফিকেট। এক্ষেত্রে অভিজ্ঞ ফ্যাকাল্টি ও গর্বিত প্রাক্তন শিক্ষার্থীদের সঙ্গে কাজ করার সুযোগ থাকবে।

□□□□-এর আন্তর্জাতিক স্বীকৃতি ও সম্মান বৃদ্ধিতে অবদান রাখার সুযোগ।

আবেদনের শেষ সময়: ১৩ এপ্রিল ২০২৫, রাত ১১:৫৯ মিনিট।

শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ জানানো হবে। র‍্যাঙ্কিং সেল ইন্টার্নশিপ সংক্রান্ত সকল চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

নোয়াখালী শিক্ষার্থী প্রশাসনিক বা সাংগঠনিক